

প্রেস রিলিজ
০৯ অক্টোবর ২০২৪

গবেষণা খাতকে আরো সমৃদ্ধ করার প্রত্যয় বাউবি উপাচার্যের

গবেষণায় জ্ঞানের উদ্ভব এবং নতুনত্বের সৃষ্টি হয়। মৌলিক গবেষণার জন্য আন্তরিকতা, অধ্যাবসায়, সততা ও সময়ের সঠিক ব্যবহার জানতে হয়। কালক্ষেপন না করে নির্দিষ্ট সময়ের মধ্যে গবেষণা শেষ করাটাই একজন গবেষকের মূল লক্ষ্য হওয়া উচিত।' বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ডিগ্রি ইউনিট কর্তৃক আয়োজিত এমফিল ও পিএইচডি গবেষকদের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশনে বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধান অতিথির বক্তৃতায় এ মন্তব্য করেন। ০৯ অক্টোবর ২০২৪; বুধবার সকালে বাউবির গাজীপুরস্থ কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে তিনি আরো বলেন, 'সীমিত সাধ্যের মধ্যে বাউবিতে গবেষণা খাতে ফান্ড বাড়ানোর আমরা চেষ্টা করবো। আগামী সম্ভবনাময় গবেষকদের সাধুবাদ জানিয়ে তিনি বলেন, 'আপনাদের প্রচুর আর্টিকেল নিয়ে কাজ করতে হবে। আগামী দিনের গবেষণা শুরু এই মাহেভ্রক্ষণ থেকেই।



ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম

বাউবির রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালকগণ গবেষক, সমন্বয়ক, তত্ত্বাবধায়ক ও সহ-তত্ত্বাবধায়কগণ। অনুষ্ঠান সম্বলনায় ছিলেন রিসার্চ ডিগ্রি ইউনিটের যুগ্ম-পরিচালক ড. মোঃ জামাল উদ্দিন খান। এমফিল ও পিএইচডি ওরিয়েন্টেশন প্রোগ্রামে ৩২ গবেষক অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

০১৭১১২০৭৬৯৮